গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,
সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

**জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ১০ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: মাহবুব-উল-আলম, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
তারিখ : ১৮ জুন ২০২৬ খ্রি.
সময় : দুপুর ২.৩০ টা
স্থান : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (বাংলাদেশ সচিবালয়ের ভবন নং- ০৭, কক্ষ নং- ৫০২)।
পরিশিষ্ট : সভায় উপস্থিতির তালিকা।

সভাপতি কর্তৃক সভায় সশরীরে ও Zoom প্ল্যাটফর্মে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের রেজিস্ট্রার সভার আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| | | |
|---|---|---|
| **আলোচ্য বিষয় ০১** | | |
| **বিষয়** | : | **নির্বাহী কাউন্সিলের ৯ম সভার কার্যবিবরণী অনুমোদন:** |
| **আলোচনা** | : | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৯ম সভা ১৭ আগস্ট ২০২৫ তারিখ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর সভাপতিত্বে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যায় মর্মে সভায় প্রস্তাব করা হলে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। |
| **সিদ্ধান্ত** | : | **১.১** নির্বাহী কাউন্সিলের ৯ম সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো। |
| **আলোচ্য বিষয় ০২** | : | |
| **বিষয়** | : | **ইনস্টিটিউটে জনবলের শূন্য পদে নিয়োগ কার্যক্রম** |
| **আলোচনা** | : | শূন্যপদে নিয়োগের লক্ষ্যে নির্বাহী কাউন্সিল এর ৮ম সভায় ১৪ (চৌদ্দ)টি শূন্য পদে ৯ম-১০ম এবং ১১-২০তম গ্রেডের দুইটি কমিটি গঠিত হয়। বিগত ০৬ ডিসেম্বর ২০২৫ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০৯ ডিসেম্বর ২০২৫ লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে বাছাই ফলাফল প্রকাশিত হয় । অত:পর প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পূর্ব কার্যকলাপ যাইয়ের জন্য ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে নির্ধারিত ভি-রোল ফরম প্রার্থীদের নিকট সংগ্রহপূর্বক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। অত:পর যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের - ১৩ মে ২০২৬ তারিখ ৩৪.০০.০০০০.০০০.০৬০.১১.০০১.২৩.৮৪ নং স্মারকে ১১-২০তম গ্রেডে এবং ০৭ জুন ২০২৬ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৬০.১১.০০১.২৩.১০৩ নং স্মারকে ১০ম গ্রেডে সর্বমোট ১১ (এগারো)টি শূন্যপদে সুপারিশপ্রাপ্ত প্রার্থীর পূর্ব কার্যকলাপ সম্পর্কে যাচাইকৃত প্রতিবেদন ইনস্টিটিউটে প্রেরণ করা হয়েছে। অদ্যবধি ৯ম গ্রেডের প্রাথমিকভাবে বাছাইকৃত ০২ জন প্রার্থীর প্রতিবেদন পাওয়া যায়নি। এ পর্যায়ে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বলেন যে, নিয়োগ প্রক্রিয়ায় ফলাফল বিগত ডিসেম্বর ২০২৫ এর প্রকাশিত হলেও প্রাক চাকুরী বৃত্তান্ত প্রতিবেদন দেরির কারণে এখনও নিয়োগ দেয়া যায়নি। তিনি যে সকল প্রার্থীর পূর্ব কার্যকলাপ সম্পর্কে যাচাইকৃত প্রতিবেদন পাওয়া গিয়েছে সে সকল প্রার্থীর অনুকূলে নিয়োগপত্র জারির প্রস্তাব উপস্থাপন করলে সদস্যগণ তাতে একমত পোষণ করেন। |
| **সিদ্ধান্ত** | : | **২.১.** ১০ম গ্রেডে ৬ (ছয়) জন এবং ১১-২০তম গ্রেডে ৫ (পাঁচ) জনের পূর্ব কার্যকলাপ সম্পর্কে বিরুপ মন্তব্য না থাকায় নিয়োগপত্র প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিটে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করবে। ৯ম গ্রেডের শূন্য পদসমূহে পূর্ব কার্যকলাপ সম্পর্কে যাচাইকৃত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র জারি করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | **২.২.** বিদ্যমান সরকারি নীতিমালা অনুসারে অপেক্ষমান তালিকা সংরক্ষণ করা হয়েছে বিধায় প্রার্থীগণ যোগদানের অব্যবহিত সময়ে উক্ত তালিকা হতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| **বাস্তবায়নে** | : | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| **আলোচ্য বিষয় ০৩** | : | |
| **বিষয়** | : | **PGD in ICT এবং PGD in Fashion Design কোর্সের ব্যয়বিভাজন অনুমোদন:** |
| **আলোচনা** | : | ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের একাডেমিক কাউন্সিলের ৭ম সভার সিদ্ধান্ত এবং ১৩ মার্চ ২০২৫ তারিখের নির্বাহী কাউন্সিলের ৮ম সভার সিদ্ধান্ত মোতাবেক PGD in ICT এবং PGD in Fashion Design কোর্স চালুর বিষয়ে সিলেবাস প্রস্তুত করা হয়েছে। ১৫জানুয়ারি ২০২৬ তারিখে ৩৪.০০.০০০০.০০০.০৬০.৪০.০০০১. ২২.১৭৭ নং স্মারকে শর্তসাপেক্ষে সাপ্তাহিক ছুটির দিনে ১ বছর মেয়াদী PGD কোর্স চালুর মতামত প্রদান করা হয়। তৎপ্রেক্ষিত একটি ব্যয় বিভাজন সভায় উপস্থাপন করেন এবং ৩০,০০০/- (ত্রিশ হাজার)টাকা কোর্স ফি নির্ধারণের প্রস্তাব করা হয়। অত:পর সভায় উপস্থিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফখরুল ইসলাম জানান যে, সেশন ফি বিষয়ে ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মতে, প্রতি সেশনে রিসোর্স পার্সনের/ শিক্ষক এর সম্মানী ৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা নির্ধারিত আছে। এ প্রেক্ষিতে সভাপতি জানান যে, প্রতিষ্ঠানটি নতুন এবং কোর্সসমূহ প্রথমবারের ন্যায় পরিচালিত হচ্ছে বিধায় বাজেট সীমিত রাখা হয়েছে, যা ভবিষ্যতে সংশোধন/পরিমার্জন করা হবে। সভায় উপস্থিত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মোঃ মোখলেছুর রহমান আকন্দ (যুগ্মসচিব), কোর্স ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার)টাকা হ্রাসের প্রস্তাব করলে যুগ্মসচিব (যুব অনুবিভাগ) ড. শেখ জোবায়েদ হোসেন সভাকে জানান যে, এ ধরনের কোর্সে বিভিন্ন সরকারি/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে ৬০,০০০/- - ১,০০,০০০/- টাকা পর্যন্ত ফি নেয়া হয়। এ প্রেক্ষিতে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত ফি যুক্তিসম্মত। সভায় উপস্থিত বিসিসি এর প্রতিনিধি সফটওয়্যার ব্যয় খাতে বরাদ্দ এবং অডিট খাতে বরাদ্দের বিষয়ে জানতে চাইলে সভাকে অবহিত করা হয় যে, যেসকল সফটওয়্যার ব্যবহার করা হবে তা প্রতিবছর নবায়ন করতে হবে। এ জন্য সফটওয়্যার খাতে বরাদ্দ রাখা হয়েছে। তাঁর বক্তব্য সমর্থন করেন মিজ ইসরাত জাহান, ব্রান্ড ম্যানেজার, মেঘনা গ্রুপ। অডিট খাতে বরাদ্দের বিষয়ে সভাপতি জানান যে, বেসরকারি প্রতিষ্ঠান দ্বারা অডিট পরিচালনার ক্ষেত্রে এ বরাদ্দ প্রয়োজন হতে পারে। যদি অডিট না করানো হয়, তাহলে অর্থ ফেরত যাবে। উপস্থিত সভা এ বক্তব্য একমত পোষণ করেন। |
| **সিদ্ধান্ত** | : | ৩.১ PGD in ICT এবং PGD in Fashion Design কোর্সের প্রস্তাবিত ব্যয়বিভাজন অনুমোদন করা হলো (সংযুক্তি-১)। |
| **বাস্তবায়নে** | : | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| **আলোচ্য বিষয় ০৪** | : | |
| **বিষয়** | : | **প্রশিক্ষণ প্রবিধানমালা অনুমোদন** |
| **আলোচনা** | : | ১২ নভেম্বর ২০২৩ তারিখের নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভায় একটি প্রশিক্ষণ প্রবিধানমালা প্রণয়ন এবং ১৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের নির্বাহী কাউন্সিলের ৭ম সভায় খসড়া প্রবিধানমালা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তৎপ্রেক্ষিতে অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব মোঃ বিল্লাল হোসেন একটি খসড়া প্রবিধানমালা প্রণয়ন করেন এবং এ সংক্রান্ত জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ২৯ অক্টোবর ২০২৫ তারিখে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বিপিএটিসি, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, বিসিএস লাইভস্টক একাডেমিসহ অন্যান্য দপ্তরের মতামতের প্রেক্ষিতে সংশোধনপূর্বক একাডেমিক কাউন্সিলে ১৭ জুন ২০২৬ তারিখের ৮ম সভায় কিছু সংশোধনপূর্বক নির্বাহী কাউন্সিলে উপস্থাপন করার সুপারিশ করা হয়। নির্বাহী কাউন্সিলের সভায় খসড়া উপস্থাপন করা হলে কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব কামরুল ইসলাম, যুগ্মসচিব খসড়া প্রশিক্ষণ প্রবিধানমালায় সংজ্ঞা ও ক্রমিক নং সংশোধন প্রয়োজন মর্মে জানান। প্রবিধানমালায় অন্তর্ভুক্ত বিভিন্ন কমিটিতে বিশ্ববিদ্যালয় শিক্ষক ও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করেন মাধ্যমিক উচ্চশিক্ষা বিভাগের প্রতিনিধি যুগ্মসচিব জনাব মোঃ হেলালুজ্জামান সরকার। তৎপ্রেক্ষিতে সভাপতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য অভিমত ব্যক্ত করেন। |
| **সিদ্ধান্ত** | : | **৪.১** প্রস্তাবিত কমিটির সদস্যগণকে অন্তর্ভূক্তপূর্বক প্রবিধানমালাটি পুনরায় যাচাইপূর্বক জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রবিধানমালার খসড়া সত্ত্বর যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |
| **বাস্তবায়নে** | : | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |

| আলোচ্য বিষয় ০৫ | : | |
|---|---|---|
| বিষয় | : | **বিবিধ:** |
| আলোচনা | : | রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট সভাকে অবহিত করেন যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এ ২০১৮ থেকে অদ্যাবধি ৩২টি ট্রেডে যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাদের অধিকাংশই বিভিন্ন চাকুরী, ব্যবসা, স্টার্টআপ বিজনেসসহ অন্যান্য পেশায় আত্মকর্মে নিযুক্ত রয়েছেন মর্মে জানা যায়। কিন্তু তারা বর্তমানে কে কোথায় কী কাজে নিয়োজিত রয়েছেন তার কোনো সুনির্দিষ্ট তথ্যাদি সম্বলিত কোনো ডাটাবেজ প্রণয়ন করা হয়নি। তৎপ্রেক্ষিতে প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরীর জন্য ইনস্টিটিউটের ১৬ নভেম্বর ২০২৫ ৩৪.০৬.২৬৭২.০০০.০০০.০৬.০০০৩.২৩.৬১ নং স্মারকে কমিটি গঠন করা হয়। গঠিত কমিটিসমূহ ৫,০৬২ জন প্রশিক্ষণার্থীর ডাটাবেজ প্রস্তুত করেছে। সভাপতি ডাটাবেজ উপস্থাপনের নির্দেশনা প্রদান করলে জনাব সুলতান মাহমুদ, প্রভাষক (আইসিটি), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বিষয়টি সভায় উপস্থাপন করেন। অত:পর সভাপতি গঠিত কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তীতে সকল প্রশিক্ষণার্থীর ডাটা ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে ইনস্টিটিউটের রেজিস্ট্রার উক্ত কাজটি শ্রমসাধ্য বিধায় জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধি ৩১ অনুসারে উক্ত কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে (গঠিত কমিটির সকল সদস্যকে) এককালীন ৩,০০০/- (তিন) হাজার টাকা করে সম্মানী প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে উপস্থিত সভা একমত পোষণ করে। |
| সিদ্ধান্ত | : | **৫.১** ডাটাবেজ তৈরীর কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে জন প্রতি এককালীন ৩,০০০/- (তিন হাজার) টাকা সম্মানি প্রদানের বিষয়টি অনুমোদন করা হলো।<br><br>**৫.২** সকল কোর্সের প্রশিক্ষণার্থীদের তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করতে হবে।<br><br>**৫.৩** জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটর আইন, ২০১৮ অনুসারে প্রতি অর্থবছরে কমপক্ষে দুইটি নির্বাহী কাউন্সিলের সভা আয়োজন করতে হবে। |
| বাস্তবায়নে | : | মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করা হয়।

২৮.০৮.২৬

মোঃ মাহবুব-উল আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০২.১৯-(অংশ-২)- ৭২৯৭

তারিখ: ১০ আষাঢ়, ১৪৩৩
২৪ জুন, ২০২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ ড. মোহাম্মদ জসিম উদ্দিন, উপসচিব)।
২। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (দৃঃআঃ মিজ দিলসাদ বেগম, যুগ্মসচিব)।
৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা (দৃঃআঃ জনাব মোঃ মোখলেছুর রহমান আকন্দ, যুগ্মসচিব)।
৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ মিজ মাহবুবা আক্তার, যুগ্মসচিব)।
৫। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ জনাব কামরুল হাসান, যুগ্মসচিব)।
৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ জনাব মোঃ আরমান হায়দার, যুগ্মসচিব)।

৭। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ মিজ আইরিন ফারজানা,উপসচিব)।
৮। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ জনাব মোঃ হেলালুজ্জামান সরকার, যুগ্মসচিব)
৯। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (দৃঃআঃ জনাব মোঃ আতিকুজ্জামান, এমডিএস (ডিএন্ডই)।
১০। নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ ড. জাহাঙ্গীর হোসেন, পরিচালক)।
১১। ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ২৯/১ আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা (দৃঃআঃ ড. ফখরুল আলম, সচিব)।
১৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা (দৃঃআঃ জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, ম্যানেজার (অপারেশন)।
১৪। ড. শেখ জোবায়েদ হোসেন, যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। জনাব মোঃ সিরাজুল ইসলাম, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।
১৬। জনাব আবু মুহাম্মদ ইশতিয়াক আজিজ (উলফাত), সভাপতি, বাংলাদেশ জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল, কেন্দ্রীয় কমিটি।
১৭। মিজ ইসরাত জাহান, ব্রান্ড ম্যানেজার, মেঘনা গ্রুপ (যুব উদ্যোক্তা)।
১৮। জনাব মোস্তাফিজুর রহমান মামুন, সিইও, গ্রীন অরণ্য পার্ক এন্ড রিসোর্ট (যুব উদ্যোক্তা)
১৯। সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০ মতিঝিল বা/এ, ঢাকা (দৃঃআঃ জনাব মো. আলমগীর, সাধারণ সচিব, এফবিসিসিআই)।

২৮/০৯/২০২৫

খোন্দকার আনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,
সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

## জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের এক বছর মেয়াদী PGD কোর্সের ব্যয় বিভাজন:

| নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | লেকচার / সেশন ফি (৩০৬ * ২৫০০/-) | ৭,৬৫,০০০/- |
| ০২ | টার্ম পেপার মূল্যায়ন (বিষয় প্রতি – ১০,০০০/-) | ১,৫০,০০০/- |
| ০৩ | টার্ম পেপার প্রেজেন্টেশন এবং মৌখিক পরীক্ষা গ্রহণ (বিষয় প্রতি – ১২,০০০/-) | ৯৬,০০০/- |
| ০৪ | পরীক্ষা গ্রহণ ব্যয় | ২,১০,০০০/- |
| ০৫ | সম্মানী (অনুষদ সদস্য ও কর্মকর্তাবৃন্দ) | ২,৫০,০০০/- |
| ০৬ | পারিশ্রমিক (কর্মচারী) | ১,৫০,০০০/- |
| ০৭ | ভর্তি পরীক্ষা গ্রহণ | ৬০,০০০/- |
| ০৮ | বিজ্ঞাপন | ৫০,০০০/- |
| ০৯ | মুদ্রণ ও প্রচারণা | ২,০০,০০০/- |
| ১০ | যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ | ৮০,০০০/- |
| ১১ | মেরামত ও সংস্কার | ১,০০,০০০/- |
| ১২ | অডিট ফি | ১,০০,০০০/- |
| ১৩ | সফটওয়্যার ক্রয় ও রক্ষণাবেক্ষণ | ১,০০,০০০/- |
| ১৪ | জেনারেটর তেল | ৪০,০০০/- |
| ১৫ | বিবিধ | ১,০০,০০০/- |
| | সর্বমোট = | ২৪,৫১,০০০/- |
| সর্বমোটঃ চব্বিশ লক্ষ একান্ন হাজার টাকা মাত্র | | |

ক্রমিক ১ ব্যতীত (২-১৫) পর্যন্ত প্রস্তাবিত বিভাজন ইনস্টিটিউটের ট্রেনিং সংক্রান্ত বাজেট থেকে ভর্তুকি স্বরূপ অনুমোদন করা হলো।

ক্রমিক ১ এ উল্লেখিত বিভাজন এর পরিমাণ শিক্ষার্থীদের থেকে নেয়া হবে। শিক্ষার্থীদের থেকে প্রাপ্ত অর্থ যদি উল্লেখিত পরিমাণের তুলনায় বেশি হয় তাহলে উদ্বৃত্ত অংশ ইনস্টিটিউটের তহবিলে জমা দিবে। উপরন্তু প্রাপ্ত অর্থ উল্লেখিত পরিমাণের তুলনায় কম হলে অবশিষ্ট অংশ ইনস্টিটিউটের ট্রেনিং খাতের বাজেট থেকে পূরণ করা হবে।

২৮/০৩/২০২৩

খোন্দকার আনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

২৮/৩/২৩

মোঃ মাহবুব-উল আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

## জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ১০ম সভা

সভার তারিখ: ১৮-০৬-২০২৬খ্রি: সময়: দুপুর ২.৩০ টা

সভার স্থান: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## উপস্থিতি পত্র

| ক্র: নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | ফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | ড. গাজী মোঃ সাইফুজ্জামান<br>মহাপরিচালক (গ্রেড-১)<br>যুব উন্নয়ন অধিদপ্তর | ০১৭১৩০৬৪৩৩৬ | [signature] ১৮.০৬.২০২৬ |
| ০২. | খোন্দকার আহমেদ হোসেন<br>প্রধান পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | 01711358697 | [signature] ১৮০৬২৬ |
| | | | |
| | | | |
| ০৩. | ড. শেখ জোবায়েদ হোসেন<br>যুগ্মসচিব, যুক্রীম | 01715010131 | [signature] ১৮/০৬/২৬ |
| ০৪. | মো: মনোয়ার হোসেন<br>রেক্টর, জাতীয় যু:ইন | #01720140477 | [signature] |

| ক্র: নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | ফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০৫. | দিলসাদ বেগম, যুগ্মসচিব<br>শিক্ষা মন্ত্রণালয় | 01711363300 | [signature] |
| ০৬. | Ishtiaq Aziz Ulfat<br>[illegible],<br>বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল | 01797567773 | [signature]<br>18.06.24 |
| ০৭. | মাহমুদুল হাসান<br>যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয় | 01324123089 | [signature] |
| ০৮. | মো. হেলালুজ্জামান সরকার<br>JS, SHED | 01727275057 | [signature] |
| ০৯. | মোহাম্মদ মনিরুল ইসলাম<br>পরিচালক (লেজিসলেশন)<br>বিসিসি | 01715-144586<br>manirul.18bcs@bcc.gov.bd | [signature]<br>১৮/০৬/২০২৪ |
| ১০. | মো: মোস্তাফিজুর রহমান খান<br>যুগ্মসচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | [illegible]<br>mrahman.15128@gmail.com | [signature]<br>১৮/৬/২০২৪ |
| ১১. | ড. মোহাম্মদ কবির উদ্দিন<br>অতিরিক্ত সচিব<br>অর্থ বিভাগ | ০১৭১৮৪৫৪-৬০৩ | [signature]<br>১৮/৬/২০২৪ |
| ১২. | মাহবুবুল আলম,<br>যুগ্মসচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | 01711113908 | [signature]<br>১৮/৬/২৪ |
| ১৩. | ড. মো: মাহবুবুর রহমান<br>অধ্যাপক, বুয়েট | 01720301012 | [signature]<br>18/06/24 |
| | | | |

| ক্র: নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | ফোন নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৪. | Israt Jahan, Brand Manager, MGI | 01708996245<br>isratjahan44@gmail.com | [signature] 17.06.26 |
| ১৫. | Md. Arman Haider<br>Joint Secretary<br>Ministry of Fisheries & Livestock | 01911288331<br>armanhaider10@gmail.com | [signature] 17.06.2026 |
| ১৬. | Dr. Jahangir Hossain<br>Director, National Skills Development Authority (NSDA) | 01718-533944<br>555jahangir@gmail.com | [signature] 17.06.2026 |
| ১৭. | Dr. Fakhrul Islam<br>Secretary<br>University Grants Commission | 01711079960 | [signature] 18/06/2026 |
| ১৮. | MD. Mostofizur Rahman Moman<br>CEO<br>green Anomopark & resort | 01714-31464 | [signature] 18.6.26 |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |